



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সম্পত্তি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.২৫.০০৮.১৬-১২০

তারিখঃ ০৮ মে ২০১৭ খ্রিষ্টাব্দ
২৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের Land Management Software-এ ভূমির তথ্য এন্ট্রি বিষয়ে ব্রিফিং সেশন আয়োজন প্রসঙ্গে।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমির হাল-নাগাদ তথ্য এন্ট্রির সুবিধার্থে Land Management Software তৈরী করা হয়। উক্ত Software-এ বিভিন্ন সড়ক বিভাগ কর্তৃক নির্দেশনা অনুযায়ী ডাটা-এন্ট্রির কাজ চলমান রয়েছে। কিন্তু ডাটা-এন্ট্রি ফরম্যাটে বিভিন্ন ধরনের সমস্যা পরিলক্ষিত হওয়ায় তা বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সকল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী এবং সার্ভেয়ারদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। তথাপিও সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জোনাল সভাগুলোতে তথ্য এন্ট্রির বিষয় পর্যালোচনা করা যায়, মোট জমির পরিমাণসহ বিভিন্ন মহাসড়কের যাচিত প্রাসঙ্গিক অন্যান্য তথ্য এন্ট্রিতে অনেক গড়-মিল রয়েছে। উক্ত সমস্যা সুরাহাকল্পে Software-এ কতিপয় সংশোধন আনা হয়েছে এবং একই সাথে তথ্য এন্ট্রির সাথে সম্পূর্ণ সওজ অধিদপ্তরের প্রতিটি সড়ক বিভাগের সংশ্লিষ্ট একজন করে উপবিভাগীয় প্রকৌশলীদের সমন্বয়ে নিম্নবর্ণিত সূচী অনুযায়ী ব্রিফিং সেশন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়েছেঃ

ব্রিফিং এর স্থান	:	সওজ প্রশিক্ষণ কেন্দ্র, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা
তারিখ	:	১৩.০৫.২০১৭ খ্রিঃ
ব্যাচ সংখ্যা	:	০২
	:	১ম ব্যাচ ৩২ জন (সকাল ১১.০০ হতে দুপুর ১.০০ ঘটিকা) ২য় ব্যাচ ৩২ জন (বিকাল ৩.০০ হতে বিকাল ৫.০০ ঘটিকা)
সার্বিক পরিচালনায়	:	জনাব মনীন্দ্র কিশোর মজুমদার, যুগ্ম-সচিব (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সহায়তাকারী	:	কাজী আব্দুল্লা-আল মামুন, প্রোগ্রামার (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০২. এমতাবস্থায়, উল্লিখিত সূচী অনুযায়ী ব্রিফিং সেশনে অংশগ্রহণকারীদের উপস্থিতি নিশ্চিতকরণসহ সার্বিক ব্যবস্থাপনা/আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

০১. এস্টেট ও আইন কর্মকর্তা (সকল), সওজ অধিদপ্তর। ব্রিফিং সেশনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সওজ প্রশিক্ষণ কেন্দ্র, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা
০৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এস্টেট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও। ব্রিফিং সেশনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
০৪. নির্বাহী প্রকৌশলী, সওজ, ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও। ব্রিফিং সেশনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
০৫. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. কাজী আব্দুল্লা-আল মামুন, প্রোগ্রামার (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা
০৭. যুগ্ম-সচিব (এস্টেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা